# বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়,রংপুর

স্মারক নং-বেরোবি/রেজিঃ/ভর্তি বিজ্ঞপ্তি/২০১৭-২০১৮/৭৩২৭ তারিখ: ১৩/০৯/২০১৭

## ভর্তি বিজ্ঞপ্তি

### শিক্ষাবর্ষ : ২০১৭-২০১৮

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এ ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ০৬(ছয়)টি অনুষদের ২১(একুশ)টি বিভাগে ১ম বর্ষ স্নাতক (সম্মান), বিএসসি (ইঞ্জিনিয়ারিং) এবং বিবিএ প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তির আবেদন আহ্বান করা হচ্ছে। ভর্তিচ্ছু শিক্ষার্থীদেরকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য SMS এর মাধ্যমে রেজিস্ট্রেশন করতে হবে। আসন সংখ্যাসহ ইউনিট, অনুষদ ও বিভাগগুলোর বিবরণ নিম্নরূপ:

| ইউনিট | অনুষদ | বিভাগ | আসন সংখ্যা (এইচএসসি/সমমান পরীক্ষার শাখা অনুযায়ী) | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | মানবিক | ব্যবসায় শিক্ষা | বিজ্ঞান | মোট |
| A | কলা অনুষদ | বাংলা (BAN) | ৪০ | ০৫ | ২০ | ৬৫ |
| | | ইংরেজি (ENG) | ৩৫ | ০৫ | ২৫ | ৬৫ |
| | | ইতিহাস ও প্রত্নতত্ত্ব (HIS) | ৫০ | ০৫ | ১০ | ৬৫ |
| B | সামাজিক বিজ্ঞান অনুষদ | অর্থনীতি (ECO) | ২২ | ১১ | ৩২ | ৬৫ |
| | | রাষ্ট্রবিজ্ঞান (POL) | ৪২ | ১১ | ১২ | ৬৫ |
| | | সমাজবিজ্ঞান (SOC) | ৩২ | ১১ | ২২ | ৬৫ |
| | | উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ (WGS) | ৩২ | ১১ | ২২ | ৬৫ |
| | | গণযোগাযোগ ও সাংবাদিকতা (MCJ) | ২২ | ০৬ | ২২ | ৫০ |
| | | লোক প্রশাসন (PAD) | ২৭ | ১১ | ২৭ | ৬৫ |
| C | বিজনেস স্টাডিজ অনুষদ | ম্যানেজমেন্ট স্টাডিজ (MGT) | ০৫ | ৪৫ | ১০ | ৬০ |
| | | একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস (AIS) | ০৫ | ৫০ | ১০ | ৬৫ |
| | | মার্কেটিং (MKT) | ০৫ | ৪৫ | ১০ | ৬০ |
| | | ফাইন্যান্স এন্ড ব্যাংকিং (F&B) | ০৫ | ৪৫ | ১০ | ৬০ |
| D | বিজ্ঞান অনুষদ | গণিত (MAT) | ০০ | ০০ | ৭০ | ৭০ |
| | | পদার্থবিজ্ঞান (PHY) | ০০ | ০০ | ৭০ | ৭০ |
| | | রসায়ন (CHE) | ০০ | ০০ | ৭০ | ৭০ |
| | | পরিসংখ্যান (STA) | ০০ | ০০ | ৭০ | ৭০ |
| E | প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (CSE) | ০০ | ০০ | ৪৫ | ৪৫ |
| | | ইলেক্ট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ETE) | ০০ | ০০ | ৫৫ | ৫৫ |
| F | জীব ও ভূ-বিজ্ঞান অনুষদ | ভূগোল ও পরিবেশ বিজ্ঞান (GES) | ২০ | | ৪০ | ৬০ |
| | | দুর্যোগ ব্যবস্থাপনা (DSM) | ২০ | | ৪০ | ৬০ |

১। আবেদনকারীর যোগ্যতা :

১.১ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন করার ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা নিম্নরূপ:

| ইউনিট | এইচএসসি বা সমমান পরীক্ষার শাখা | ন্যূনতম GPA (৪র্থ বিষয়সহ) | | ন্যূনতম মোট GPA (৪র্থ বিষয়সহ) |
|---|---|---|---|---|
| | | এসএসসি/সমমান পরীক্ষা (পাসের বছর ২০১৪ বা ২০১৫) | এইচএসসি/সমমান পরীক্ষা (পাসের বছর ২০১৬ বা ২০১৭) | |
| A | মানবিক | ৩.০০ | ৩.০০ | ৬.৫০ |
| | বিজ্ঞান | ৩.০০ | ৩.০০ | ৬.৫০ |
| | ব্যবসায় শিক্ষা | ৩.০০ | ৩.০০ | ৬.৫০ |
| B | মানবিক | ৩.৫০ | ৩.০০ | ৭.০০ |
| | বিজ্ঞান | ৩.৫০ | ৩.৫০ | ৭.৫০ |
| | ব্যবসায় শিক্ষা | ৩.৫০ | ৩.৫০ | ৭.৫০ |
| C | মানবিক | ৩.০০ | ৩.৫০ | ৭.০০ |
| | বিজ্ঞান | ৩.৫০ | ৩.৫০ | ৭.৫০ |
| | ব্যবসায় শিক্ষা | ৩.০০ | ৩.৫০ | ৭.০০ |
| D | বিজ্ঞান | ৪.০০ | ৩.৫০ | ৭.৫০ |
| E | বিজ্ঞান | ৩.৫০ | ৩.৫০ | ৭.৫০ |
| F | বিজ্ঞান | ৩.৫০ | ৩.৫০ | ৭.৫০ |
| | মানবিক/ব্যবসায় শিক্ষা | ৩.৫০ | ৩.০০ | ৭.০০ |

১.২ ২০১৪ সালের পূর্বে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা রেজিস্ট্রেশন করতে পারবে না।

১.৩ কেবলমাত্র ১.১ এর ৫ম কলাম ও ৫.২ এর ৪র্থ কলাম এর শর্তাবলী পূরণ সাপেক্ষেই রেজিস্ট্রেশন করা যাবে।

১.৪ O-Level এ ৩(তিন)টি বিষয়ে কমপক্ষে B গ্রেডসহ ৫(পাঁচ)টি বিষয়ে পাশ এবং A-Level এ ২(দুই)টি বিষয়ে কমপক্ষে B গ্রেড থাকতে হবে। O-Level ও A-Level পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের প্রশ্নপত্র ইংরেজিতে হবে।

১.৫ ইংরেজি মাধ্যমে পরীক্ষা দিতে ইচ্ছুক আবেদনকারীকে রেজিস্ট্রার বরাবর ১০/১১/২০১৭ তারিখ অফিস চলাকালীন (সকাল ৯ টা-বিকাল ৫ টা লিখিতভাবে আবেদন করতে হবে।

২। ভর্তি পরীক্ষার রেজিস্ট্রেশন ফি:

| ইউনিট | অনুষদ | রেজিস্ট্রেশন ফি (সার্ভিস চার্জসহ) |
|---|---|---|
| A | কলা | ৪৪০.০০ টাকা |
| B | সামাজিক বিজ্ঞান | ৬০৫.০০ টাকা |
| C | বিজনেস স্টাডিজ | ৪৯৫.০০ টাকা |
| D | বিজ্ঞান | ৪৯৫.০০ টাকা |
| E | প্রকৌশল ও প্রযুক্তি | ৩৮৫.০০ টাকা |
| F | জীব ও ভূ-বিজ্ঞান | ৩৮৫.০০ টাকা |

৩। <u>ভর্তি পরীক্ষার রেজিস্ট্রেশন প্রক্রিয়া :</u>

৩.১ একটি টেলিটক মোবাইল ফোনের মেসেজ অপশনে গিয়ে **BRUR** লিখে স্পেস দিয়ে **HSC** শিক্ষা বোর্ডের ইংরেজি নামের প্রথম তিনটি অক্ষর লিখে স্পেস দিয়ে **HSC** পরীক্ষার রোল নম্বর লিখে স্পেস দিয়ে **HSC** পাশের সন লিখে স্পেস দিয়ে **SSC** শিক্ষা বোর্ডের ইংরেজি নামের প্রথম তিনটি অক্ষর লিখে স্পেস দিয়ে **SSC** পরীক্ষার রোল নম্বর লিখে স্পেস দিয়ে **SSC** পাশের সন লিখে স্পেস দিয়ে কাঙ্খিত ইউনিটের কোডটি **(A / B / C / D / E / F)** লিখে **16222** নম্বরে **SMS** পাঠাতে হবে।

উদাহরণ: **BRUR<space>DIN<space>123456<space>2017<space>DIN<space>567890<space>2015<space>A**

(উদাহরণটি দিনাজপুর শিক্ষাবোর্ড থেকে উত্তীর্ণ শিক্ষার্থীর ক্ষেত্রে এবং বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের A ইউনিটের জন্য প্রযোজ্য।)

এখানে **123456** এর স্থলে আবেদনকারীর নিজের **HSC** এবং **567890** এর স্থলে নিজের **SSC** পরীক্ষার রোল নম্বর লিখতে হবে। কেউ **2016** সালে **HSC** পাশ করে থাকলে **2017** এর স্থলে **2016** লিখতে হবে। কেউ **2014** সালে **SSC** পাশ করে থাকলে **2015** এর স্থলে **2014** লিখতে হবে।

<u>বোর্ডসমূহের ইংরেজী নামের প্রথম তিনটি অক্ষর নিম্নরূপ:</u>

দিনাজপুর **(DIN)**, ঢাকা **(DHA)**, রাজশাহী **(RAJ)**, কুমিল্লা **(COM)**, যশোর **(JES)**, চট্টগ্রাম **(CHI)**, সিলেট **(SYL)**, বরিশাল **(BAR)**, মাদরাসা **(MAD)**, ঢাকা বোর্ডের অধীনে Diploma in Business Studies-এর জন্য **(DIB)** ও কারিগরি শিক্ষা বোর্ডের ক্ষেত্রে বোর্ডের অধীনে ডিপ্লোমা-ইন-কমার্স এর জন্য **(DIC)**, বিজনেস ম্যানেজমেন্ট এর জন্য **(HBM)** এবং এইচএসসি (ভোকেশনাল)-এর জন্য **(VOC)** লিখে উপরের নিয়ম অনুযায়ী **16222** নম্বরে **SMS** করতে হবে।

**O/A** লেভেলের শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের আবেদনের জন্য উপরের নিয়ম অনুযায়ী **16222** নম্বরে **SMS** করতে হবে। এক্ষেত্রে আবেদনকারীকে বোর্ডের নামের জায়গায় **GCE** লিখতে হবে।

উদাহরণ: **BRUR<space>GCE<space>123456<space>2016<space>A**

এখানে **123456** এর জায়গায় আবেদনকারীর **A** লেভেলের **Candidate** নম্বরটি (শেষ **Sitting** এর) লিখতে হবে এবং **A** এর স্থলে প্রার্থীর কাঙ্খিত ইউনিট লিখতে হবে।

উন্মুক্ত বিশ্ববিদ্যালয় অথবা বিদেশ থেকে এইচএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের আবেদনের জন্য উপরের নিয়ম অনুযায়ী **16222** নম্বরে **SMS** করতে হবে। এক্ষেত্রে আবেদনকারীকে বোর্ডের নামের জায়গায় **OTH** লিখতে হবে।

উদাহরণ: **BRUR<space>OTH<space>123456<space>2016<space>A**

এখানে 123456 এর জায়গায় আবেদনকারীর শুধুমাত্র এইচএসসি/সমমানের পরীক্ষার রোল নম্বর লিখতে হবে এবং **A** এর স্থলে প্রার্থীর কাঙ্খিত ইউনিট লিখতে হবে। উল্লেখ্য শুধুমাত্র **O/A** লেভেল, উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও বিদেশ থেকে এইচএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করার পর তাদের প্রাপ্ত পিন নম্বর ও যোগাযোগের ফোন নম্বরসহ (যে কোন অপারেটর-এর) এসএসসি/সমমান ও এইচএসসি/সমমানের পরীক্ষার সকল নম্বরপত্র (মার্কশীট/ট্রান্সক্রিপ্ট) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে খামে ভরে কেবলমাত্র ডাকযোগে প্রয়োজনীয় সময় হাতে রেখে এমনভাবে প্রেরণ করতে হবে যাতে আগামী ১০/১১/২০১৭ তারিখের মধ্যে নিম্নঠিকানায় পৌঁছানো অবশ্যই নিশ্চিত হয়:

প্রাপক: রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।

৩.২ উপরের নিয়ম অনুযায়ী **SMS** পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি **SMS**-এ আবেদনকারীর নাম, রেজিস্ট্রেশন ফি ও একটি PIN নম্বর জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন **16222** নম্বরে আরেকটি **SMS** পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে **BRUR** লিখে স্পেস দিয়ে **YES** লিখে স্পেস দিয়ে **PIN** নম্বর লিখে স্পেস দিয়ে আবেদনকারীর যোগাযোগের জন্য নিজের ব্যবহৃত (যে কোনো অপারেটর এর) একটি মোবাইল নম্বর লিখে **16222** নম্বরে **SMS** করতে হবে।

উদাহরণ: **BRUR<space>YES<space>PIN<space> 01XXXXXXXXX** এখানে **PIN** এর জায়গায় আবেদনকারীর নিজ **PIN** নম্বর টি বসাতে হবে।

আবেদনকারীর টেলিটক মোবাইলে কাঙ্খিত পরিমাণ টাকা থাকলে সম্মতি জানানোর সাথে সাথেই রেজিস্ট্রেশনের জন্য নির্ধারিত ফি কর্তন করে **SMS**-এর মাধ্যমে প্রবেশপত্রের জন্য একটি User ID ও Password দেয়া হবে। User ID ও Password সযত্নে নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে। একবার **SMS** করে আবেদন করলে তা প্রত্যাহার করা যাবে না।

আবেদনকারীর **User ID** ও **Password** হারিয়ে গেলে **BRUR<space>HELP<space>**এইচ.এস.সি/সমমান শিক্ষাবোর্ডের নামের কোড<space>এইচ.এস.সি/সমমান পরীক্ষার রোল নম্বর <space> এইচ.এস.সি/সমমান পরীক্ষার পাশের সন<space>ইউনিট লিখে যেকোন Teletalk মোবাইল ফোন থেকে **16222** নম্বরে **SMS** করতে হবে।

উদাহরণ: **BRUR<space>HELP<space>DIN<space>123456 <space>2017<space>A**

৩.৩ ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ প্রক্রিয়া: (অন-লাইনে প্রবেশপত্র ডাউনলোড করার সময়সীমা এসএমএস/বেরোবি ওয়েব সাইট এর মাধ্যমে জানানো হবে)

টেলিটকের http://brur.teletalk.com.bd ওয়েবসাইটে গিয়ে নির্ধারিত স্থানে **SMS** মাধ্যমে প্রাপ্ত User ID ও Password দিয়ে Submit করে ২(দুই) কপি প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট (Color Print) করে নিতে হবে। প্রিন্টকৃত (Color Print) প্রবেশপত্র দুটির ছবির স্থানে সদ্যতোলা পাসপোর্ট সাইজের ল্যাব প্রিন্ট (রঙিন) ছবি আঠা দিয়ে লাগাতে হবে এবং স্বাক্ষরের নির্ধারিত স্থানে পরীক্ষার্থীর স্বাক্ষর স্পষ্ট করে দিতে হবে। পরীক্ষার্থীদের পরীক্ষার হলে প্রবেশপত্র দুটি সঙ্গে আনতে হবে। কক্ষ পরিদর্শকগণ পরীক্ষার্থীর ছবি ও স্বাক্ষর যাচাই করে প্রবেশপত্র দুটির ছবির উপর স্বাক্ষর প্রদান করবেন এবং স্বাক্ষরিত এক কপি প্রবেশপত্র পরীক্ষার্থীকে প্রদান করবেন। প্রবেশপত্রের এক কপি পরীক্ষা কমিটি সংরক্ষণ করবেন।

৩.৪ ভর্তি পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষা কেন্দ্র যথাসময়ে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.brur.ac.bd) এবং এসএমএস-এর মাধ্যমে জানা যাবে।

৩.৫ <u>পরীক্ষা কেন্দ্রে যা আনতে হবে :</u>

(i) এইচএসসি/সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড।

(ii) প্রবেশপত্র দুই কপি (প্রবেশপত্র দুটির এক কপি পরীক্ষার হলে সংশ্লিষ্ট পরিদর্শকের নিকট জমা দিতে হবে এবং অন্য কপি নিজের কাছে রাখবে)

৩.৬ <u>পরীক্ষা কেন্দ্রে যা বহন করা নিষিদ্ধ:</u>

(i) পরীক্ষার হল-এ মোবাইল ফোনসহ অন্য কোন রকমের ইলেকট্রনিক ডিভাইস যেমন ক্যালকুলেটর, হেডফোন, মেমোরিযুক্ত ঘড়ি ইত্যাদি নিয়ে প্রবেশ করা যাবে না।

৩.৭ রেজিস্ট্রেশন সংক্রান্ত যে কোন পরামর্শের জন্য **01557 229 215; 01558 136 814** নম্বরে অথবা admission@brur.ac.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

৪। <u>রেজিস্ট্রেশন, ভর্তি পরীক্ষা ও ফলাফল প্রকাশের তারিখ:</u>

৪.১ রেজিস্ট্রেশন: **SMS** এর মাধ্যমে রেজিস্ট্রেশন ২০-০৯-২০১৭ তারিখ রাত ১২:০০টা হতে ১০-১১-২০১৭ তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত । ছুটির দিনসহ দিন বা রাতের যেকোন সময় রেজিস্ট্রেশন করা যাবে।

৪.২ ভর্তি পরীক্ষা:

| তারিখ | বার | সময় |
|---|---|---|
| ২৬/১১/২০১৭ | রবিবার | ইউনিট ভিত্তিক পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.brur.ac.bd এ প্রকাশ করা হবে অথবা **SMS** এর মাধ্যমে জানানো হবে। |
| ২৭/১১/২০১৭ | সোমবার | |
| ২৮/১১/২০১৭ | মঙ্গলবার | |
| ২৯/১১/২০১৭ | বুধবার | |
| ৩০/১১/২০১৭ | বৃহস্পতিবার | |

৪.৩ পরীক্ষার্থীকে পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে।

৪.৪ ফলাফল প্রকাশ : ০৭-১২-২০১৭ তারিখ।

৪.৫ ভর্তি পরীক্ষার আসন বিন্যাস ও ফলাফল: পরীক্ষার তারিখ, সময়, কেন্দ্রের নাম, ভবনের নাম, কক্ষ নং ইত্যাদি যাবতীয় তথ্য এবং ভর্তি পরীক্ষার ফলাফল বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.brur.ac.bd এ প্রকাশ করা হবে অথবা **SMS** এর মাধ্যমে জানানো হবে।

৫। MCQ পরীক্ষা এবং ইউনিটভূক্ত বিভাগসমূহের ভর্তির শর্তাবলী :

৫.১ এইচএসসি/সমমান পরীক্ষার পাঠ্যসূচি, সাধারণ জ্ঞান (প্রযোজ্য ইউনিটের ক্ষেত্রে) ও আই.কিউ (প্রযোজ্য ইউনিটের ক্ষেত্রে) হতে Multiple Choice of Questions (MCQ) পদ্ধতিতে ৮০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে। ৮০ নম্বরের জন্য সর্বমোট ৮০টি প্রশ্ন থাকবে। প্রতিটি প্রশ্নের মান ১ এবং পরীক্ষার সময়কাল ১ ঘন্টা। MCQ পরীক্ষার পাস নম্বর ৩৫। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে।

৫.২ ইউনিটভূক্ত বিভাগসমূহের ভর্তির শর্তাবলী:

| ইউনিট | MCQ পরীক্ষার বিষয় ও নম্বর বন্টন (মোট নম্বর =৮০) | বিভাগ | এইচএসসি/সমমান পরীক্ষায় যা থাকা আবশ্যক | MCQ পরীক্ষায় পাস নম্বর |
|---|---|---|---|---|
| A | বাংলা-৩০<br>ইংরেজি-৩০<br>সাধারণ জ্ঞান-২০<br>(বাংলাদেশ বিষয়াবলী-১০+আন্তর্জাতিক বিষয়াবলী-১০) | BAN | বাংলা বিষয়ে ন্যূনতম B গ্রেড | বাংলায় ন্যূনতম ১৩ ও ইংরেজিতে ন্যূনতম ৮ নম্বরসহ মোট ৩৫ নম্বর |
| | | ENG | ইংরেজি বিষয়ে ন্যূনতম B গ্রেড | ইংরেজিতে ন্যূনতম ১৩ ও বাংলায় ন্যূনতম ৮ নম্বরসহ মোট ৩৫ নম্বর |
| | | HIS | প্রযোজ্য নয় | ইংরেজিতে ন্যূনতম ৮,বাংলায় ন্যূনতম ৮ ও সাধারণ জ্ঞানে ন্যূনতম ৮ নম্বরসহ মোট ৩৫ নম্বর |
| B | বাংলা-২০<br>ইংরেজি-২০<br>সাধারণ জ্ঞান ও দক্ষতা নিরূপণ পরীক্ষা-৪০ | ECO | অর্থনীতি/গণিত/পরিসংখ্যান/ব্যবসায় নীতি ও প্রয়োগ/হিসাববিজ্ঞান বিষয়ে ন্যূনতম B গ্রেড | বাংলায় ন্যূনতম ৬ ও ইংরেজিতে ন্যূনতম ৮ নম্বরসহ মোট ৩৫ নম্বর |
| | | POL<br>SOC<br>WGS<br>MCJ<br>PAD | পদার্থবিজ্ঞান/রসায়ন/জীব বিজ্ঞান/গণিত/পরিসংখ্যান/অর্থনীতি/পৌরনীতি/ সমাজবিজ্ঞান/ইতিহাস/যুক্তিবিদ্যা/ইসলামের ইতিহাস/সমাজকল্যাণ/হিসাববিজ্ঞান/ ব্যবস্থাপনা/ ব্যবসায় নীতি ও প্রয়োগ বিষয়ে ন্যূনতম B গ্রেড | |
| C | X-গ্রুপ (আবশ্যিক): বাংলা-২০, ইংরেজি-২০, ICT=১০ = ৫০<br>Y-গ্রুপ: HSC ব্যবসায় শিক্ষা শাখা : (i) হিসাববিজ্ঞান (ii) ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা = ৩০<br>HSC বিজ্ঞান ও মানবিক শাখা : সাধারণ জ্ঞান ও আই.কিউ = ৩০ | MGT | প্রযোজ্য নয় | ইংরেজিতে ন্যূনতম ৮,বাংলায় ন্যূনতম ৮ ও Y গ্রুপ-এ ন্যূনতম ১৫ নম্বরসহ মোট ৩৫ নম্বর। |
| | | AIS | | |
| | | MKT | | |
| | | F&B | | |
| D | ইংরেজি-২০<br>পদার্থবিজ্ঞান-২০<br>রসায়ন-২০<br>গণিত-২০ | MAT | গণিত বিষয়ে ন্যূনতম A গ্রেড | ইংরেজিতে ন্যূনতম ৬ ও গণিত বিষয়ে ন্যূনতম ৮ নম্বরসহ মোট ৩৫ নম্বর |
| | | PHY | পদার্থবিজ্ঞান ও গণিত বিষয়ে ন্যূনতম $A^-$ গ্রেড | ইংরেজিতে ন্যূনতম ৬ ও পদার্থবিজ্ঞান বিষয়ে ন্যূনতম ৮ নম্বরসহ মোট ৩৫ নম্বর |
| | | CHE | রসায়ন ও গণিত বিষয়ে ন্যূনতম $A^-$ গ্রেড | ইংরেজিতে ন্যূনতম ৬ ও রসায়ন বিষয়ে ন্যূনতম ৮ নম্বরসহ মোট ৩৫ নম্বর |
| | | STA | গণিত বিষয়ে ন্যূনতম A গ্রেড | ইংরেজিতে ন্যূনতম ৬ ও গণিত বিষয়ে ন্যূনতম ৮ নম্বরসহ মোট ৩৫ নম্বর |
| E | ইংরেজি-১০, ICT -১০,<br>পদার্থবিজ্ঞান-৩০,গণিত-৩০ | CSE<br>ETE | গণিত ও পদার্থবিজ্ঞান বিষয়ে ন্যূনতম $A^-$ গ্রেড | ইংরেজিতে ন্যূনতম ৪, ICT তে ন্যূনতম ৪ এবং গণিত ও পদার্থবিজ্ঞান বিষয়ে পৃথকভাবে ন্যূনতম ১৩ নম্বরসহ মোট ৩৫ নম্বর। |
| F | বিজ্ঞান শাখার জন্য:<br>ইংরেজি-২০, পদার্থবিজ্ঞান-২০,<br>রসায়ন-২০, জীববিজ্ঞান/গণিত-২০<br>মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য:<br>ইংরেজি-২০, সাধারণ জ্ঞান-৪০<br>দক্ষতা নিরূপণ পরীক্ষা (Aptitude Test)-২০ | GES | প্রযোজ্য নয় | ইংরেজি বিষয়ে ন্যূনতম ৬ নম্বরসহ মোট ৩৫ নম্বর |
| | | DSM | প্রযোজ্য নয় | |

৬। ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর নির্ধারণ ও মেধা তালিকা প্রণয়ন :

৬.১ (i) এসএসসি/সমমান পরীক্ষার নম্বরের ভিত্তিতে = ৭.৫, (ii) এইচএসসি/সমমান পরীক্ষার ভিত্তিতে= ১২.৫ এবং (iii) MCQ পরীক্ষা-৮০ নম্বরসহ ভর্তি পরীক্ষার সর্বমোট নম্বর ১০০। এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত গ্রেড পয়েন্টকে ১.৫ দিয়ে এবং এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত গ্রেড পয়েন্টকে ২.৫ দিয়ে গুণ করে ২০ নম্বরে প্রাপ্ত নম্বর নির্ধারণ করে MCQ পরীক্ষার প্রাপ্ত নম্বরের সাথে যোগ করে কেবল MCQ পরীক্ষায় পাস নম্বর (৩৫) প্রাপ্ত পরীক্ষার্থীদের মেধা তালিকা তৈরি করা হবে।

৬.২ একাধিক প্রার্থী ভর্তি পরীক্ষায় একই নম্বর পেলে মেধাক্রমের ক্ষেত্রে নিম্নলিখিত ক্রম অনুসারে মেধাক্রম নির্ধারণ করা হবেঃ
**MCQ** পরীক্ষায় প্রাপ্ত নম্বর, এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত গ্রেড পয়েন্ট, এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত গ্রেড পয়েন্ট, এইচএসসি/সমমান পরীক্ষায় পাশের বছর এবং ভর্তি পরীক্ষার রোল নম্বর।

৬.৩ A, B ও C প্রত্যেক ইউনিটে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য পৃথক পৃথক মেধা তালিকা প্রণয়ন করে ফলাফল প্রকাশ করা হবে এবং F ইউনিটের বিজ্ঞানের ১টি এবং মানবিক ও ব্যবসায় শিক্ষা সমন্বয়ে আর একটি মেধা তালিকা প্রণয়ন করা হবে। D এবং E ইউনিটের জন্য শুধুমাত্র একটি করে মেধা তালিকা প্রণয়ন করা হবে।

৬.৪ পাস নম্বর না পেলে কোন প্রার্থী ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে না। কোটা (মুক্তিযোদ্ধা কোটা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি, প্রতিবন্ধী, পোষ্য কোটা, হরিজন অধিবাসী) সহ সকল প্রার্থীর ক্ষেত্রেই এ বিধি প্রযোজ্য হবে।

৭। বিভাগ নির্ধারণ:
মেধা তালিকা প্রকাশের পর মেধাক্রম অনুযায়ী প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করা হবে এবং সাক্ষাৎকারের সময় Subject Eligibility সহ Choice Form সরবরাহ করা হবে। আসন শূন্য থাকা সাপেক্ষে প্রার্থীর পছন্দক্রম (Choice order) অনুযায়ী বিভাগ নির্ধারণ করে ভর্তির জন্য তালিকা প্রকাশ করা হবে।

৮। কোটায় ভর্তি (আসন সংখ্যা, ভর্তির যোগ্যতা ও বিভাগ নির্ধারণ):

৮.১ মোট আসন সংখ্যার শতকরা ৫ জন মুক্তিযোদ্ধা কোটা (FFQ), শতকরা ১.৫ জন ক্ষুদ্র নৃ-গোষ্ঠি (SEQ), শতকরা ১ জন প্রতিবন্ধী (PDQ), শতকরা ২ জন পোষ্য (WQ), শতকরা ০.৫ জন হরিজন (HQ) কোটায় ভর্তি করা হবে। এ সংখ্যা মোট আসন সংখ্যার অতিরিক্ত।

৮.২ কোটায় ভর্তিচ্ছু শিক্ষার্থীকে MCQ পরীক্ষার সময় OMR শীটে নির্ধারিত বৃত্ত ভরাট করতে হবে। OMR শীটে নির্ধারিত বৃত্ত ভরাট না করলে কোটাভুক্ত পরীক্ষার্থী হিসেবে বিবেচিত হবে না। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে সরকার কর্তৃক ঘোষিত নীতিমালা অনুসরণ করা হবে।

৮.৩ কোটায় ভর্তিচ্ছু ন্যূনতম পাস নম্বর প্রাপ্ত শিক্ষার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করা হবে এবং বিভাগসমূহের ভর্তির শর্ত পূরণ সাপেক্ষে বিভাগ নির্ধারণ করে কোটার ভর্তির তালিকা প্রকাশ করা হবে।
* ভর্তি বিজ্ঞপ্তির যেকোন বিষয় পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

মুহাম্মদ ইব্রাহীম কবীর
রেজিস্ট্রার
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর